গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০০০.০১১.৩১.০০০১.২৫-৫৪

তারিখ: ২৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

**বিষয়: এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের নতুন ই-রেজিস্ট্রেশন ও বিদ্যমান ই-রেজিস্ট্রেশন হালনাগাদকরণ।**

এতদ্বারা জানানো যাচ্ছে যে, এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) শিক্ষকের শূন্যপদ সংক্রান্ত তথ্য অনলাইনে সংগ্রহের উদ্দেশ্যে এনটিআরসিএ কর্তৃক প্রতিষ্ঠানসমূহের ই-রেজিস্ট্রেশন কার্যক্রম আগামী ০৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ থেকে ২২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য এনটিআরসিএ-এর ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) **"ই-রেজিস্ট্রেশন"** সেবাবক্সের ই-রেজিস্ট্রেশন নির্দেশিকা মেন্যুতে পাওয়া যাবে।

২। **উল্লেখ্য "এনটিআরসিএ এর আইন ২০০৫ এবং পরিপত্র অনুসারে এমপিওভুক্ত শূন্যপদের ক্ষেত্রে ই-রেজিস্ট্রেশন এবং ই-রিকুইজিশন করা বাধ্যতামূলক। অন্যথায় প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠানের এমপিও বাতিলকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণা করা হবে"।**

৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে উপরোল্লিখিত নির্দেশিকা অনুসরণে নির্ধারিত সময়ের মধ্যে ই-রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। **উল্লেখ্য, ই-রেজিস্ট্রেশন ব্যতীত কোন শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক শূন্যপদের চাহিদা এনটিআরসিএ-তে প্রেরণের সুযোগ নেই।**

০৭/০২/২০২৬

(তাসনিম জেবিন বিনতে শেখ)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
ফোন: ০২-৪১০৩০১২৪
ই-মেইল: director_exam@ntrca.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা;
৫. জেলা প্রশাসক (সকল);
৬. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. জেলা শিক্ষা অফিসার (সকল);
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৯. এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান (সংশ্লিষ্ট);
১০. অফিস কপি।

Scanned with CamScanner

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ই-রেজিস্ট্রেশন নির্দেশিকা

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকের শূন্যপদে নিবন্ধিত প্রার্থীদের পছন্দক্রম ও মেধার ভিত্তিতে নির্দিষ্ট প্রতিষ্ঠানের বিপরীতে নিয়োগ সুপারিশ প্রদান করে থাকে। শূন্যপদ পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এনটিআরসিএ-এর অনলাইন প্লাটফর্মে চাহিদা (ই-রিকুজিশন) প্রদান বাধ্যতামূলক। এনটিআরসিএ অফলাইনে/ হার্ডকপিতে কিংবা ই-মেইলের মাধ্যমে শূন্যপদের কোন চাহিদা গ্রহণ করে না। শুধুমাত্র এনটিআরসিএ-এর নির্ধারিত অনলাইন প্লাটফর্মে ই-রিকুজিশনের মাধ্যমেই প্রতিষ্ঠানের শূন্যপদের চাহিদা গ্রহণ করা হয়। তাছাড়া ই-রিকুজিশন এবং শিক্ষক নিয়োগের কার্যক্রমের পূর্বশর্ত হিসেবে প্রত্যেক প্রতিষ্ঠানকে এনটিআরসিএ-এর তালিকাভুক্তির জন্য ই-রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। ই-রেজিস্ট্রেশন ব্যতীত কোন প্রতিষ্ঠানই ই-রিকুজিশন প্রদান করতে পারবে না এবং ঐ প্রতিষ্ঠানটি এনটিআরসিএ কর্তৃক শিক্ষক নিয়োগ সুপারিশের জন্য বিবেচিত হবে না। নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি জারির পূর্বেই নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ই-রেজিস্ট্রেশন করতে হবে অথবা ই-রেজিস্ট্রেশন হালনাগাদ করতে হবে। ই-রেজিস্ট্রেশনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হলোঃ

**<u>ক) ই-রেজিস্ট্রেশনের জন্য কাম্য যোগ্যতা:</u>** সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে অবশ্যই পাঠদানের অনুমতিপ্রাপ্ত EIIN-নম্বরধারী, একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত এবং এমপিওভুক্ত প্রতিষ্ঠান হতে হবে;

**<u>খ) নতুন ই-রেজিস্ট্রেশন:</u>** যে সকল প্রতিষ্ঠান সম্পূর্ণ নতুন ও প্রথমবার ই-রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক সে সকল প্রতিষ্ঠান প্রধানকে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার (USEO) সঙ্গে যোগাযোগ করে ই-রেজিস্ট্রেশন করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(USEO) প্রথমেই প্রতিষ্ঠানের বিভিন্ন তথ্য যেমন: প্রতিষ্ঠানটির EIIN নম্বর, একাডেমিক স্বীকৃতি, পাঠদানের অনুমতিপত্র এমপিওভুক্তিসহ অন্যান্য তথ্যাদি ভালভাবে যাচাই করবেন। যাচাইঅন্তে সকল তথ্যাদি সঠিক প্রমানিত হলে USEO তার নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে এনটিআরসিএ-এর ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) অথবা সরাসরি টেলিটকের ngi.teletalk.com.bd লিংকে ই-রেজিস্ট্রেশন প্লাটফর্মে লগইন করবেন। প্রসঙ্গত উল্লেখ্য যে, সকল DEO এবং USEO গণের মোবাইলে ইতোমধ্যে SMS মারফত তাদের ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রেরণ করা হয়েছে। লগইন করার পর প্রথমেই USEO হোম পেইজের Edit Profile অপশনে ক্লিক করে প্রয়োজনীয় সকল তথ্য পূরণপূর্বক তার নিজস্ব প্রোফাইল হালনাগাদ(Update) করবেন। প্রোফাইল হালনাগাদ(Update) করা প্রত্যেক USEO-এর জন্য বাধ্যতামূলক। এরপর Institute info অপশনে ক্লিক করলে USEO তার আওতাধীন তালিকাভুক্ত সকল প্রতিষ্ঠান Institute List দেখতে পাবেন। উক্ত পেইজের উপরে ডানদিকে Add more institute বাটনে ক্লিক করলে ADD INSTITUTE পেইজটি ওপেন হবে। উক্ত পেইজে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN, Institute Name এবং প্রতিষ্ঠান প্রধানের Mobile No সঠিকভাবে পূরণ করে Save বাটনে ক্লিক করলে টেলিটক থেকে ২৪ ঘন্টার মধ্যে প্রতিষ্ঠান প্রধানের মোবাইলে এসএমএস মারফত স্বয়ংক্রিয়ভাবে প্রতিষ্ঠান প্রধানের ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রেরিত হবে।

অতঃপর প্রতিষ্ঠান প্রধান তার মোবাইলে প্রাপ্ত নতুন ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে Institute's Section-এ লগইন করে INSTITUTE PROFILE-এর নিম্নবর্ণিত তথ্যাদি পূরণ করবেন।

যথা: প্রতিষ্ঠানের এমপিও অথরিটি, প্রতিষ্ঠানের ধরণ, এমপিও স্ট্যাটাস, প্রতিষ্ঠান প্রধানের নাম, পদবী, এনআইডি নম্বর, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা, ইনডেক্স নম্বর, মোবাইল নম্বর, ছবি, স্বাক্ষর, এনআইডির স্ক্যান কপি, ই-মেইল এড্রেস, গভর্নিং বডি / ম্যানেজিং কমিটির চেয়ারম্যান এর নাম, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, এনআইডি নম্বর, ছবি, স্বাক্ষর, এনআইডির স্ক্যান কপি ইত্যাদি তথ্য প্রদান ও আপলোড করে প্রতিষ্ঠানের প্রোফাইল পূরণ করতে হবে। INSTITUTE PROFILE-এর তথ্যাদি পূরণের নিয়ম নিম্নে দেয়া হলোঃ-



Scanned with CamScanner

১। প্রথমেই **MPO Authority** অপশনে যেতে হবে। **MPO Authority** অপশনের ড্রপডাউন মেনুতে Authority সমূহের নাম আছে যেমন: DSHE, DME, DTE, DSHE and DTE, DME and DTE। ড্রপডাউন মেনু থেকে অত্যন্ত সতর্কতার সঙ্গে নির্ভুলভাবে **MPO Authority** সিলেক্ট করতে হবে। নতুবা প্রতিষ্ঠানটির প্রকৃত ধরণ (**Institute Type**) খুঁজে পাওয়া যাবে না। **MPO Authority** সিলেক্ট করার সময় নিম্নবর্ণিত ব্যাখ্যা অনুসরণ করতে হবে।

**ব্যাখ্যা:**

- প্রতিষ্ঠানটি সাধারণ ধারার স্বতন্ত্র স্কুল/কলেজ হলে DSHE সিলেক্ট করতে হবে;
- প্রতিষ্ঠানটি স্বতন্ত্র মাদ্রাসা হলে DME সিলেক্ট করতে হবে;
- প্রতিষ্ঠানটি স্বতন্ত্র কারিগরি প্রতিষ্ঠান হলে DTE সিলেক্ট করতে হবে;
- যদি প্রতিষ্ঠানটিতে সাধারণ ধারার স্কুল/কলেজের সঙ্গে সংযুক্ত কারিগরি শাখা থাকে তবে DSHE and DTE অপশন সিলেক্ট করতে হবে;
- যদি মাদ্রাসার সঙ্গে সংযুক্ত কারিগরি শাখা থাকে তবে DME and DTE অপশন সিলেক্ট করতে হবে।

২। ড্রপডাউন মেন্যু থেকে **MPO Autority** সিলেক্ট করলে সংশ্লিষ্ট **MPO Autority** এর অধীন **Institute Type** (প্রতিষ্ঠানের ধরণ) এর তালিকা দেখা যাবে। উক্ত তালিকা থেকে পাশের বক্সে টিক চিহ্ন দিয়ে অত্যন্ত নির্ভুলভাবে **Institute Type** সিলেক্ট করতে হবে;

৩। **Institute Type**-এ প্রতিষ্ঠানের ধরনে কোন ভুল হলে ই-রিকুইজিশনের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শূন্যপদের তথ্যেও ভুল হবে। **Institute Type** (প্রতিষ্ঠানের ধরন) সিলেক্ট এর কয়েকটি উদাহরণ দেয়া হলোঃ

**উদাহরণ:**

- নিম্নমাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ শ্রেণি-৮ম শ্রেণি)-এর ক্ষেত্রে Junior Secondary School (6-8) সিলেক্ট করতে হবে;
- মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম শ্রেণি)-এর ক্ষেত্রে Secondary High School (6-10) সিলেক্ট করতে হবে;
- উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ শ্রেণি)-এর ক্ষেত্রে Higher Secondary School (6-12) সিলেক্ট করতে হবে;
- সাধারন স্কুল ও কলেজ এবং মাদ্রাসার সাথে কারিগরি শাখা সংযুক্ত থাকলে প্রযোজ্য ক্ষেত্রে একাধিক **Institute Type** বক্সে ক্লিক করে নির্বাচন করতে হবে। যেমনঃ উচ্চ মাধ্যমিক কলেজে (১১শ-১২শ) সংযুক্ত বিএম শাখা থাকলে Higher Secondary College (11-12) এবং Attached HSC (Business Management) College/Institute উভয় অপশন সিলেক্ট করতে হবে। কোন দাখিল মাদ্রাসার (১-১০) সঙ্গে সংযুক্ত দাখিল ভোকেশনাল মাদ্রাসা থাকলে Dakhil Madrasah (1-10) এবং Attached Dakhil Vocational Madrasah উভয় অপশন সিলেক্ট করতে হবে।

৪। **Institute Type** সিলেক্ট করার পর MPO Status of Institute অপশনে যেতে হবে। প্রতিষ্ঠানটি MPO ভুক্ত হলে **Yes** ক্লিক ও প্রতিষ্ঠানের MPO code লিখতে হবে।

৫। এরপর **Student type** নির্বাচন করতে হবে। যেমন; Boys/Girls/Co-Education ইত্যাদি।

৬। এরপর **Head of Institute Details** অপশনে গিয়ে প্রতিষ্ঠান প্রধানের সকল তথ্য পূরণ করতে হবে। যেমনঃ প্রতিষ্ঠান প্রধানের নাম, ছবি, এনআইডি, ঠিকানা, ই-মেইল, মোবাইল নম্বর, স্বাক্ষর ইত্যাদি।

৭। **Governing body/Managing Committee** অপশনে প্রতিষ্ঠানটি গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে। এ অপশনে সভাপতির নাম, ঠিকানা, ছবি, এনআইডি, ই-মেইল, মোবাইল নম্বর ইত্যাদি তথ্য দিতে হবে।



Scanned with CamScanner

৮। সকল তথ্য সম্পূর্ণ সঠিকভাবে পুরণ করার পর ভাল করে যাচাই করতে হবে। যাচাই করার পর **Save and Submit** করতে হবে। এরপর ভবিষ্যত রেফারেন্সের জন্য একটি Print Copy নিজ অফিসে সংরক্ষণ করতে হবে;

**(গ) ইং-রেজিস্ট্রেশন হালনাগাদকরণ (e-Registration Update):** ই-রেজিস্ট্রেশন হালনাগাদকরণের জন্য প্রত্যেক প্রতিষ্ঠান প্রধানকে এনটিআরসিএ'র ওয়েবসাইটের ই-রেজিস্ট্রেশন সেবা বক্সে প্রবেশ করে তাদের স্ব স্ব ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। লগইন করার পর ই-রেজিস্ট্রেশন পেইজে পরিবর্তনযোগ্য প্রয়োজনীয় তথ্য এই নির্দেশিকার অনুচ্ছেদ (খ) এর আওতায় ১-৮ নং ক্রমিকে বর্ণিত নিয়ম অনুসরণ করে সংশোধনপূর্বক **Save and Submit বাটনে ক্লিক করলে** ই-রেজিস্ট্রেশন হালনাগাদ হবে। **কোন প্রতিষ্ঠানের সকল তথ্য অপরিবর্তিত থাকলেও ঐ প্রতিষ্ঠানকে স্ব স্ব ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে পূর্বের সকল তথ্য অপরিবর্তিত রেখে Save and Submit বাটনে ক্লিক করতে হবে। নতুবা প্রতিষ্ঠানটির ই-রেজিস্ট্রেশন হালনাগাদ/নবায়ন হবে না।**

**(ঘ) ই-রেজিস্ট্রেশন এডিট/সংশোধন (e-Registration Edit) :** নতুন ই-রেজিস্ট্রেশন এবং ই-রেজিস্ট্রেশন প্রোফাইল হালনাগাদকরণের জন্য Teletalk এর **ই-রেজিস্ট্রেশন অনলাইন প্লাটফর্মটি** একটি নির্দিষ্ট সময় পর্যন্ত খোলা থাকবে। প্রোফাইলের সকল তথ্য অত্যন্ত সতর্কতার সংগে এন্ট্রি দিতে হবে। কোন কারণে submit করা তথ্য ভুল হলে কিংবা কোন তথ্য সংযোজন বা বিয়োজনের প্রয়োজন হলে তা Teletalk এর উক্ত অনলাইন প্লাটফর্ম খোলা থাকার নির্ধারিত সময়ের মধ্যেই অনলাইনেই EDIT (সংশোধন) করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে এবং ই-রেজিস্ট্রেশন ফর্মের উপরের দিকে EDIT-এর লাল বাটনে ক্লিক করতে হবে। তারপর প্রোফাইলের প্রয়োজনীয় তথ্য সংশোধন করে **Save and Submit বাটনে পুনরায় ক্লিক করতে** হবে।

**(ঙ) হারিয়ে যাওয়া পাসওয়ার্ড পুনরুদ্ধার :** যদি কোন প্রতিষ্ঠান ই-রেজিস্ট্রেশনের পাসওয়ার্ড হারিয়ে ফেলেন কিংবা ভুলে যান তবে প্রতিষ্ঠান প্রধানকে সংশ্লিষ্ট জেলা শিক্ষা কর্মকর্তা অথবা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশসহ প্রতিষ্ঠানের EIIN ও প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের প্যাডে এনটিআরসিএ বরাবর আবেদন করতে হবে। এনটিআরসিএ আবেদনপত্র যাচাইঅন্তে প্রতিষ্ঠান প্রধানের মোবাইলে SMS এর মাধ্যমে নতুন পাসওয়ার্ড প্রেরণ করবে। প্রতিষ্ঠান প্রধানকে সবসময় পাসওয়ার্ডের গোপনীয়তা রক্ষা করতে হবে। কাউকে পাসওয়ার্ড শেয়ার করা যাবে না। কোন অননুমোদিত ব্যক্তির নিকট পাসওয়ার্ড শেয়ার করার কারণে যদি কোন অনাকাঙ্খিত ঘটনা ঘটে, তবে এর দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

**বিশেষ দ্রষ্টব্য:- শিক্ষক নিয়োগ প্রদানে প্রত্যাশী প্রত্যেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে ই-রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে নতুন ই-রেজিস্ট্রেশন এবং প্রোফাইল হালনাগাদকরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। উক্ত তারিখের পর ই-রেজিস্ট্রেশন এবং প্রোফাইল হালনাগাদ করা যাবে না। ই-রেজিস্ট্রেশন ব্যতীত ই-রিকুজিশন (অনলাইন চাহিদা) প্রদান করা সম্ভব হবে না। আর ই-রিকুজিশন ছাড়া কোন প্রতিষ্ঠান শিক্ষক নিয়োগ সুপারিশের জন্য বিবেচিত হবে না।**

27/02/2026

(তাসনিম জেবিন বিনতে শেখ)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।

Scanned with CamScanner